অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2025 **গভর্নর ক্যাথি হোকল**

আরো নিরাপদ রাস্তা: গভর্নর হোকল ক্যাপিটাল রিজিয়নে আইন শৃঙ্খলা রক্ষার টেকনোলজির জন্য 6.7 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করাকে তুলে ধরলেন

সিরাকিউজে অপরাধ এখন পর্যন্ত এই বছরে প্রায় 28 শতাংশ কমেছে

127 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পুরো স্টেটের স্থানীয় পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফের অফিসগুলিকে অপারেশন আধুনিক করতে, অফিসারদের নিরাপত্তা বাড়াতে এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিতে দেয়

সিরাকিউজ পুলিশকে দেওয়া 1.3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে স্পট রোবট কুকুর, ড্রোন, এবং অপরাধের হট স্পটে LED বাতির জন্য

জননিরাপত্তা বিনিয়োগ ফলাফল দিচ্ছে এবং পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কে গান ভায়োলেন্স উল্লেখযোগ্যভাবে কমেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Syracuse Public Safety Building ভিজিট করে স্টেটের 6.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগকে তুলে ধরেছেন যা পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কের (Central New York) আইন শৃঙ্খলা রক্ষাকারী টেকনোলজি এবং সরঞ্জামকে আধুনিক করছে। গভর্নর Hochul (হোকল) এবং স্থানীয় কর্মকর্তারা এছাড়াও তুলে ধরেছেন যে সিরাকিউজ (Syracuse) সিটির কর্মকর্তারা বলেছেন যে সিরাকিউজের অপরাধ এই বছর এখন পর্যন্ত প্রায় 28 শতাংশ কমেছে।ভিজিটে পুরো অঞ্চলের নির্বাচিত কর্মকর্তা, আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং জননিরাপত্তার নেতাদের সাথে একটি ব্রিফিং হয়েছে, এবং এর পর অত্যাধুনিক টেকনোলজি দেখানোর জন্য একটি টেকনোলজির প্রদর্শনী হয়েছে। পুরো স্টেটের 378টি পুলিশ ডিপার্টমেন্ট এবং শেরিফের অফিসকে বিতরণ করা 127 মিলিয়ন মার্কিন ডলার অফিসারদের নিরাপত্তা বাড়িয়ে, নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিয়ে, এবং অপারেশন জোরদার করে ফলাফল দিচ্ছে।

"নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার। "সেজন্য আমি 21 শতকের হুমকির মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় টেকনোলজি এবং সরঞ্জামে বিনিয়োগের তহবিল দিয়েছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই বিনিয়োগগুলি বাস্তব ফলাফল দেখাচ্ছে এবং আপস্টেট

এবং ডাউনস্টেটে কমিউনিটিগুলিকে আরো নিরাপদ করছে। স্থানীয় পুলিশ ডিপার্টমেন্ট, শেরিফের অফিস এবং তাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী পার্টনারদেরকে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার ব্যাপারে সমর্থন করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

সিরাকিউজ পুলিশ ডিপার্টমেন্ট (Syracuse Police Department) প্রায় 1.3 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে, যা এজেন্সিকে অপরাধের হট স্পটের জন্য LED বাতি, ড্রোন, এবং স্পট রোবট কুকুর কিনতে দিচ্ছে যা অফিসারদের ঝুঁকিগ্রস্ত না করে সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতিতে সাহায্য করবে। সেন্ট্রাল নিউ ইয়র্কের অন্যান্য যেসব এজেন্সি উল্লেখযোগ্য অনুদান পেয়েছে তাদের মধ্যে আছে ওসওয়েগো কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Oswego County Emergency Management), যারা তাদের নিজস্ব স্পট রোবট কুকুরসহ নতুন সরঞ্জামে বিনিয়োগ করতে 650,000 মার্কিন ডলার ব্যবহার করেছে, এবং কর্টল্যান্ড পুলিশ ডিপার্টমেন্ট (Cortland Police Department) যারা 575,000 মার্কিন ডলারের বেশি পেয়েছে। স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS) পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কের মোট 33টি এজেন্সিকে তহবিল দিয়েছে যাতে তারা অপারেশন জোরদার করতে, তদন্তের সক্ষমতা বাড়াতে এবং সরঞ্জাম আধুনিক করতে পারে। পুরো স্টেটে কোন এজেন্সি কত তহবিল পেয়েছে তা সম্পূর্ণভাবে অনলাইনে দেখা যাবে।

গভর্নর এছাড়াও স্টেটের বন্দুক জড়িত সহিংসতা নির্মূল উদ্যোগের (Gun Involved Violence Elimination, GIVE) অংশগ্রহণ করা 28টি পুলিশ ডিপার্টমেন্টের রিপোর্ট করা সর্বশেষ পরিসংখ্যান তুলে ধরেছেন, যা 21টি কাউন্টিতে অপরাধ কম করার চেষ্টার সমন্বয়কে সমর্থন করে। GIVE জুরিসডিকশনের অধীনে যাদের এই বছর গান ভায়োলেন্স উল্লেখযোগ্যভাবে কমেছে তার মধ্যে ওনোন্ডাগা (Onondaga) কাউন্টি এবং সিরাকিউজ সিটি আছে। 2025 সালের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত সময়কে গত বছরের একই সময়ের সাথে তুলনা করলে, কেউ আহত হয়েছে এমন গুলির ঘটনা এবং গুলির ঘটনার ভিকটিমের সংখ্যা সিরাকিউজে 15 শতাংশ কমেছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "অত্যাধুনিক সরঞ্জামে বিনিয়োগ করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতি পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কের এজেন্সিগুলিকে আরো কার্যকরভাবে সাড়াদান করতে এবং কমিউনিটিগুলিকে নিরাপদ রাখতে সাহায্য করছে। এই রিসোর্সগুলি শুধু অফিসারদের নিরাপত্তা উন্নত করছে না বরং এছাড়াও অপরাধ কমাতে এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে যে পার্টনারশিপ অতি প্রয়োজনীয় সেগুলিকে জোরদার করছে।"

স্টেটের সিনেটর Chris Ryan (ক্রিস রায়ান) বলেন, "আমাদের এলাকাগুলিকে নিরাপদ রাখার জন্য দৃঢ় কমিউনিটির পার্টনারশিপ এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাজ কার্যকরভাবে করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম উভয়ই দরকার। এই বিনিয়োগটি নিশ্চিত করছে যাতে পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কের পুলিশ ডিপার্টমেন্টগুলি, যার মধ্যে ওসওয়েগো কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্টও আছে, আধুনিক প্রযুক্তি মোতায়েন করতে পারে যা অফিসারদের সুরক্ষা দিবে, অপরাধ প্রতিরোধ করবে, এবং আমাদের পরিবারের জন্য আরো নিরাপদ সড়ক গঠন করবে।

জননিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং এইসব রিসোর্স দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ, এর ফলে আমরা গান ভায়োলেন্স কমাতে থাকতে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী ও আমরা যে কমিউনিটিগুলিতে সেবাদান করি তাদের মধ্যের আস্থাকে জোরদার করতে পারবো।"

অ্যাসেম্বলির সদস্য William Magnarelli (উইলিয়াম ম্যাগনারেলি) বলেন, "আইন শৃঙ্খলা রক্ষা হলো অপরাধের বিরুদ্ধে লড়াই যা কখনো শেষ হয় না। টেকনোলজির অগ্রগতিকে কাজে লাগিয়ে আইন শৃঙ্খলা রক্ষাকারীরা আমাদের এলাকা এবং কমিউনিটিগুলিকে সুরক্ষা দিয়ে যেতে পারছে, এবং একই সাথে অফিসারদের নিরাপত্তা ও কার্যকারিতা বাড়াচ্ছে।"

অ্যাসেম্বলির সদস্য Pamela Hunter (পামেলা হান্টার) বলেন, "জননিরাপত্তার জন্য নতুন আবিষ্কার ও সহযোগিতা উভয় প্রয়োজন, এবং এই বিনিয়োগগুলি উভয় দিচ্ছে। আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে আধুনিক সরঞ্জাম দিয়ে এবং কমিউনিটির প্রোগ্রামকে সমর্থন করে নিউ ইয়র্ক সহিংসতা কমাচ্ছে, অফিসারদের সুরক্ষা দিচ্ছে, এবং পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কে আরো শক্তিশালী, আরো নিরাপদ কমিউনিটি তৈরি করছে।"

সিরাকিউজের মেয়র Ben Walsh (বেন ওয়ালশ) বলেন, "এই বছর সিরাকিউজ সিটিতে অপরাধ প্রায় 28 শতাংশ কমেছে, এবং গভর্নর Hochul-এর (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে পার্টনারশিপ আমাদের সিটিতে একটি ইতিবাচক পরিবর্তন নিয়ে আসছে। অপরাধের ট্রেন্ড সমাধানে বা প্রতিরোধমূলক নিরাপত্তা ব্যবস্থায় বিনিয়োগ করতে যখনই সিরাকিউজের সাহায্য প্রয়োজন হয়েছে, গভর্নর Hochul (হোকল) এবং তার দল তখনই সাহায্য করেছেন। সিরাকিউজ আরো নিরাপদ, কিন্তু এখনো অনেক কাজ বাকি আছে। গভর্নরের নেতৃত্বের উপর আমার আস্থা আছে যে নিউ ইয়র্ক সিরাকিউজের জন্য একটি শক্তিশালী এবং কার্যকর পার্টনার হয়ে থাকবে।"

ওনোন্ডাগা কাউন্টির এক্সিকিউটিভ Ryan McMahon (রায়ান ম্যাকম্যাহন) বলেন, "আমাদের কমিউনিটির নিরাপত্তা নিশ্চিত করা হলো নির্বাচিত কর্মকর্তা হিসেবে আমাদের সবথেকে গুরুত্বপূর্ণ দায়িত্বগুলির একটি। প্রথম দিন থেকেই আমার অ্যাডমিনিস্ট্রেশন আমাদের কমিউনিটিকে যতটা সম্ভব নিরাপদ রাখতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ জননিরাপত্তা উদ্যোগে নিরলসভাবে সমর্থন ও বিনিয়োগ করে গেছে। তবে সত্যিকারের কার্যকর জননিরাপত্তার জন্য সকল পর্যায়ের পার্টনারশিপ প্রয়োজন এবং আজকের ঘোষণাটি সেই পার্টনারশিপকে তুলে ধরে। আজকের দিনটি যারা সম্ভব করেছেন আমি তাদের সবাইকে ধন্যবাদ জানাতে চাই এবং আমাদের কমিউনিটির উন্নতির জন্য আমাদের সকল জননিরাপত্তা পার্টনারের সাথে কাজ করতে থাকার ব্যাপারে আমি আগ্রহী।"

ওনোন্ডাগা কাউন্টির ডিসট্রিক্ট অ্যাটর্নি William Fitzpatrick (উইলিয়াম ফিটজপ্যাট্রিক) বলেন, "আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সমর্থন এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য গভর্নর Hochul-এর (হোকল) অবিচল প্রতিশ্রুতির জন্য আমি তার প্রশংসা করছি। ডিসকভারি সংশোধনের জন্য তার দৃঢ় সমর্থন বা সহিংস অপরাধী সনাক্ত করতে সাহায্যের জন্য নতুন টেকনোলজিতে তার আর্থিক বিনিয়োগ, তিনি সব ক্ষেত্রেই জননিরাপত্তার জন্য একজন সত্যিকারের নেতা হয়ে আছেন।"

ওনোন্ডাগা কাউন্টির শেরিফ Toby Shelley (টোবি শেলি) বলেন, "অপরাধ ধারাবাহিকভাবে আরো পরিশীলিত হতে থাকে এবং যে সব অপরাধ করা অপরাধীরা সীমার মধ্যে কম থাকে, যা অপরাধের মোকাবেলা করার খরচ বাড়ায় এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদের মধ্যে সহযোগিতাকে আরো গুরুত্বপূর্ণ করে। গভর্নর Hochul (হোকল) এই সমস্যাগুলি বুঝেন এবং তিনি প্রয়োজনীয় বিনিয়োগ করেছেন, এবং করে চলেছেন, তা মানুষকে নিরাপদ রাখার টেকনোলজি বা প্রোগ্রাম যাই হোক না কেনো। তথ্যগুলি নিজেই কথা বলে।"

গভর্নর Hochul (হোকল) পুরো অঞ্চলে আইন শৃঙ্খলা রক্ষাকে সমর্থন করার জন্য সেন্ট্রাল নিউ ইয়র্ক ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের (Central New York Crime Analysis Center) অতি গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেছেন। সিরাকিউজ পুলিশ ডিপার্টমেন্টের একই সাথে Syracuse Public Safety Building-এ অবস্থিত সেন্টারটি ক্যাইয়ুগা (Cayuga), ম্যাডিসন (Madison), ওনোন্ডাগা, এবং ওসওয়েগো (Oswego) কাউন্টিতে সেবাদান করে। আগস্ট পর্যন্ত তারা এই বছরে সেবার জন্য 10,217টি অনুরোধে কাজ করেছে, যার মধ্যে সিরাকিউজ পুলিশ ডিপার্টমেন্টের 6,421টি ছিলো। 2024 সালে স্টেটের ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্ক (Crime Analysis Center Network) যে 11টি সেন্টার নিয়ে গঠিত তারা প্রায় 131,000টি অনুরোধে কাজ করেছে, যার মধ্যে সেন্ট্রাল নিউ ইয়র্ক সেন্টারে 22,920টি অনুরোধ এসেছে।

এই টেকনোলজির বিনিয়োগগুলি সিরাকিউজে অন্যান্য স্টেট সমর্থিত চেষ্টার ভিত্তিতে হয়েছে, যার মধ্যে আছে SNUG Street Outreach প্রোগ্রামের জন্য 2.28 মিলিয়ন মার্কিন ডলার এবং প্রজেক্ট RISE-এর জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার, যা গান ভায়োলেন্সের ঝুঁকিতে থাকা কমবয়সী মানুষদেরকে নিবিড় মেন্টরিং, চাকরির ট্রেনিং, এবং অন্যান্য সমর্থন দেয় যা তাদেরকে সফল হতে এবং বিচার ব্যবস্থায় জড়িয়ে পড়া ঠেকাতে সাহায্য করে। গত শরৎকালে গভর্নর Hochul (হোকল) এছাড়াও DCJS-এর মাধ্যমে একটি নতুন সিরাকিউজ প্রোগ্রাম শুরু করতে আরো 2.5 মার্কিন ডলার, যা বিচার ব্যবস্থায় জড়িয়ে পড়া কমবয়সীদেরকে ক্লাস, মেন্টরিং, এবং ইন্টার্নশিপের সাথে যুক্ত করে দেয়, এবং ওনোন্ডাগা কাউন্টি প্রোবেশন ডিপার্টমেন্টে (Onondaga County Probation Department) কমবয়সীদের ডাইভার্সন সেবা বাড়াতে 1 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার ঘোষণা করেন। এই তহবিলটি এমন সময়ে এসেছে যখন সেন্ট্রাল রিজিয়ন জননিরাপত্তার জরুরি প্রস্তুতির জন্য ফেডারেল সরকার থেকে প্রায় 400,000 মার্কিন ডলার তহবিল হারাতে চলেছে।

ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর পাশ করা বাজেটে গান ভায়োলেন্স প্রতিরোধের প্রোগ্রামগুলির জন্য গভর্নর Hochul-এর (হোকল) নিশ্চিত করা নজিরবিহীন 347 মিলিয়ন মার্কিন ডলার তহবিল বহাল রাখা হয়েছে, যার মধ্যে GIVE আছে, এবং এটি জননিরাপত্তা উন্নত করা, অপরাধের ভিকটিম ও সার্ভাইভারদের জন্য সমর্থন বাড়ানো এবং কমিউনিটিকে জোরদার করার জন্য আরো অন্যান্য উদ্যোগকে সমর্থন করে।

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশন স্টেটের অপরাধ ন্যায়বিচার ব্যবস্থার সকল দিকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করে, যার মধ্যে আইন প্রয়োগকারী এবং অন্যান্য অপরাধ ন্যায়বিচার পেশাদারদের প্রশিক্ষণ প্রদান; একটি আইন প্রয়োগকারী স্বীকৃতি কর্মসূচির তত্ত্বাবধান; স্থানীয়

আইন প্রয়োগকারীরা ব্রেথালাইজার এবং গতিসীমা প্রয়োগের সরঞ্জাম সঠিকভাবে ব্যবহার করছে কিনা তা নিশ্চিতকরণ; অপরাধ ন্যায়বিচার অনুদান তহবিল ব্যবস্থাপনা; স্টেটব্যাপী অপরাধ ও প্রোগ্রাম ডেটা বিশ্লেষণ; কাউন্টির প্রোবেশন বিভাগসমূহ এবং কারাগারের বিকল্প কর্মসূচির তত্ত্বাবধান; এবং কমবয়সীদের ন্যায়বিচার পলিসি সমন্বয় করা অন্তর্ভুক্ত, কিন্তু তা এইসবে সীমাবদ্ধ নয়। DCJS-কে Facebook, Instagram, LinkedIn ও X (পূর্বে Twitter ছিল)-এ ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন